# AKASHVANI(AIR)

## RNU : KOLKATA

## BENGALI TEXT BULLETIN

**DATE : 21-03-2026** **TIME : 7.50**

---

বিশেষ বিশেষ খবর –

১) রাজ্যে এস আই আর-এর আওতায় ‘বিচারাধীন ভোটারদের প্রথম অতিরিক্ত তালিকা আগামীকাল প্রকাশিত হবে বলে মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন।

২) রাজ্যে আসতে চলা ৩০০ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের রূপরেখা নিয়ে মুখ্য নির্বাচনী আধিকারিকের উপস্থিতিতে জয়েন্ট ডেভলাপমেন্ট কমিটি আজ বৈঠক করেছেন।

ভোটারদের সুবিধার্থে প্রতিটি ভোট কেন্দ্রে পানীয় জল ও শৌচালয়ের মতো ন্যূনতম পরিষেবা নিশ্চিত করতে বলেছে নির্বাচন কমিশন।

৩) আম জনতা উন্নয়ন পার্টির ১৫৩ জন প্রার্থীর প্রথম তালিকা প্রকাশ।

৪) রাজ্যে ধীরে ধীরে জমে উঠছে রাজনৈতিক দলগুলির প্রচারাভিযান।

দুর্গাপুরে সরকারী দেওয়ালে রাজনৈতিক প্রচারের লেখা মুছতে গিয়ে তৃণমূল কংগ্রেসের হাতে নির্বাচন কমিশনের দুই কর্মী আক্রান্ত হওয়ার অভিযোগ উঠেছে।

ঘটনার নিন্দা বিজেপির।

৫) দীর্ঘ ৬ বছর পর আগামীকাল কলকাতা বিশ্ববিদ্যালয়ের বার্ষিক সমাবর্তন অনুষ্ঠান।

## ৬) বিভিন্ন রাজ্যের মধ্যে আচার ও সংস্কৃতির বৈচিত্র্য সত্ত্বেও ঐক্যই এদেশের মূল সুর, বললেন রাজ্যপাল আর এন রবি।

ooooooooooooooooooooooooooo

রাজ্যে এস আই আর-এর আওতায় ‘বিচারাধীন বা অ্যাডজুডিকেশনে’ থাকা ভোটারদের প্রথম অতিরিক্ত তালিকা আগামীকাল বিকেলে প্রকাশিত হবে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল আজ সাংবাদিকদের বলেন যাদের নথি যাচাইয়ের প্রক্রিয়া সম্পূর্ণ হয়েছে, তাদের নাম এই তালিকায় অন্তর্ভুক্ত করা হবে।

এরপর থেকে প্রতি শুক্রবার করে ধারাবাহিকভাবে অতিরিক্ত তালিকা প্রকাশ করা হতে পারে বলে কমিশন সূত্রে খবর। গত শুক্রবার পর্যন্ত প্রায় ২৭ লক্ষ ২৩ হাজার বিচারাধীন ভোটারের নথি নিষ্পত্তি হয়েছে। এই সংখ্যা আরও কিছুটা বাড়তে পারে। বর্তমানে দিনে গড়ে প্রায় দু’লক্ষ করে নামের নিষ্পত্তি হচ্ছে। প্রথম তালিকা প্রকাশের পরেই অনলাইন ও অফলাইন— দু’ভাবেই আপিলের সুযোগ থাকবে। ইসিআইনেট অ্যাপ বা কমিশনের ওয়েবসাইটের মাধ্যমে অনলাইন আবেদন করা যাবে। অফলাইনে আবেদন করতে হলে জেলাশাসক বা মহকুমাশাসকের দপ্তরে তা জানাতে হবে।

এদিকে, সাপ্লিমেন্টারি তালিকা প্রকাশকে কেন্দ্র করে কোনও অপ্রীতিকর পরিস্থিতি এড়াতে ইতিমধ্যেই রাজ্য সরকারের তরফে জেলাশাসকদের সতর্কবার্তা পাঠানো হয়েছে।

ভীড় নিয়ন্ত্রণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে জেলাশাসকদের নির্দেশ দেওয়া হয়েছে। এসংক্রান্ত চিঠির প্রতিলিপি পাঠানো হয়েছে, রাজ্য পুলিশের ডিজি সিদ্ধিনাথ গুপ্তা এবং কলকাতার পুলিশ কমিশনার অজয় নন্দকেও।

সুপ্রিম কোর্টের নির্দেশে রাজ্যের ২৩-টি জেলার জন্য প্রাক্তন বিচারপতিদের নিয়ে ১৯-টি আপিল ট্রাইব্যুনাল গঠন করা হয়েছে। অতিরিক্ত তালিকায় যাদের নাম বাদ পড়বে, তারা এই ট্রাইব্যুনালগুলিতে আবেদন করতে পারবে।

উল্লেখ্য, গত ২৮-শে ফেব্রুয়ারী অসম্পূর্ণ চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করেছিল নির্বাচন কমিশন।

এদিকে, কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী বলেছেন, রাজ্যে এস আই আর প্রক্রিয়ায় যাবতীয় জটিলতার জন্য  মুখ্যমন্ত্রীই দায়ী। ভোটারদের নাম বাদ পড়া নিয়েও মুখ্যমন্ত্রী রাজনীতি করছেন বলেন তাঁর অভিযোগ।

oooooooooooooooooooooooooooo

আসন্ন বিধানসভা নির্বাচনের আগে কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের রূপরেখা চূড়ান্ত করতে  রাজ্যে মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর গঠিত জয়েন্ট ডেভলাপমেন্ট কমিটি আজ বৈঠকে বসেন। শিপিং কর্পোরেশনের ভবনে আয়োজিত এই বৈঠকে রাজ্যে পরবর্তী পর্যায়ে আসতে চলা ৩-শো কোম্পানী কেন্দ্রীয় বাহিনীকে কোন জেলায় কিভাবে মোতায়েন করা হবে তা নিয়ে আলোচনা হয়। আগামী ৩১-শে মার্চের মধ্যেই ৩-শো কোম্পানী কেন্দ্রীয় বাহিনী রাজ্যে পৌঁছবে। ৭ এবং ১০-ই এপ্রিলের মধ্যে ধাপে ধাপে আরও ৩-শো কোম্পানী করে কেন্দ্রীয় বাহিনী রাজ্যে আসবে। এবারের বিধানসভা নির্বাচনে সব মিলিয়ে মোট ২ হাজার ৪-শো কোম্পানী কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হচ্ছে। আজকের বৈঠকে উপস্থিত ছিলেন বিশেষ পর্যবেক্ষক - এন কে মিশ্র, আইন বিভাগের এডিজি আনন্দ কুমার, সি আর পি এফ-এর আই জি শলভ মাথুর এবং ট্রাফিক বিভাগের আইজি গৌরব শর্মা। মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল বৈঠকে যোগ দেন।

উল্লেখ্য, ইতমধ্যেই রাজ্যে ৪৮০ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হয়েছে।

oooooooooooooooooooooooooooo

আসন্ন বিধানসভা নির্বাচনে ভোটারদের সুবিধার্থে এক গুচ্ছ পদক্ষেপ করছে নির্বাচন কমিশন। কমিশনের তরফে ভোটমুখী রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকদের কাছে পাঠানো  এক নির্দেশিকায় জানানো হয়েছে, প্রতিটি ভোট কেন্দ্রে পানীয় জল, ছাউনি-সহ অপেক্ষার জায়গা, শৌচালয়, পর্যাপ্ত আলো এবং বিশেষভাবে সক্ষম ভোটারদের জন্য উপযুক্ত র‍্যাম্প ইত্যাদি নূন্যতম পরিষেবা নিশ্চিত করতে হবে।

পাশাপাশি দীর্ঘ সময় লাইনে দাঁড়িয়ে থাকা ভোটারদের বসার জন্য নির্দিষ্ট দূরত্বে বেঞ্চের ব্যবস্থাও করতে বলা হয়েছে।

ভোটারদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রতিটি বুথে চার ধরনের নির্দিষ্ট পোস্টার টাঙানো বাধ্যতামূলক। সেখানে প্রার্থীদের নামের তালিকা, ভোটদানের নিয়মাবলি, ভোটার কার্ড ছাড়া অন্য কোন নথি দেখিয়ে ভোট দেওয়া যাবে এবং করণীয়-বর্জনীয় বিষয়গুলি উল্লেখ থাকবে।

এছাড়া প্রতিটি ভোটকেন্দ্রে ভোটার সহায়তা বুথ (ভিএবি) তৈরি করা হবে। বুথ লেভেল অফিসারদের নিয়ে গঠিত এই দল ভোটারদের নাম খুঁজে পেতে এবং ভোটকেন্দ্র চিহ্নিত করতে সাহায্য করবে।

ভোটারদের সুবিধার জন্য বুথের বাইরে থাকবে মোবাইল ফোন জমা রাখার ব্যবস্থা।

oooooooooooooooooooooooooooooo

আম জনতা উন্নয়ন পার্টির চেয়ারম্যান হুমায়ুন কবীর আসন্ন বিধানসভা নির্বচনে ১৫৩ জন প্রার্থীর প্রথম তালিকা প্রকাশ করেছেন। মুর্শিদাবাদের রেজিনগরে এক সাংবাদিক সম্মেলনে হুমায়ুন কবীর বলেন, এবারের নির্বাচনে তাঁর দল ১৮২-টি আসনে প্রতিদ্বন্দ্বিতা করবে। আগামী ২৫-শে মার্চ বাকি প্রার্থীদের নাম ঘোষণা করা হবে তিনি জানান।

(বাইট – হুমায়ুন)

রানীনগরকেন্দ্রে প্রার্থী করা হয়েছে ইয়াসির হায়দারকে। ভরতপুর কেন্দ্রে পীরজাদা খোয়ায়েব আমিন,নন্দীগ্রাম কেন্দ্রে শহীদুল হক, ভবানীপুরে পুনম বেগম পপ্রতিদ্বন্দ্বিতা করবেন।

ooooooooooooooooooooooooo

বিধানসভা নির্বাচনে প্রার্থী তালিকা প্রকাশিত হওয়ার পরই শাসক দলের পক্ষ থেকে দলীয় প্রার্থীদের ওপর নানাভাবে চাপ সৃষ্টি করা হচ্ছে বলে বিজেপি অভিযোগ করেছে। দলের রাজ্য মুখ্যপাত্র দেবজিৎ সরকার আজ এক সাংবাদিক বৈঠকে বলেন,

এই কাজে বিভিন্ন থানার ওসি, আই সি-রা সাহায্য করছেন । এদের বিরুদ্ধে ব্যবস্থা নেবার জন্য নির্বাচন কমিশনের কাছে আবেদন জানিয়েছেন তিনি।

(বাইট – দেবজিৎ)

oooooooooooooooooooooooooo

বিধানসভা নির্বাচনের নির্ঘন্ট ঘোষণার পর বিভিন্ন দলের প্রার্থীরা প্রচার শুরু করেছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আজ পূর্ব মেদিনীপুরের নন্দীগ্রামে প্রচারে যোগ দেন।

পশ্চিম বর্ধমানের আসানসোলে বিজেপি প্রার্থী অগ্নিমিত্রা পাল প্রচার সারেন। এক অনুষ্ঠানে তার উপস্থিতিতে সিপিআই এমের বহু কর্মী বিজেপি তে যোগ দেন।

উত্তর ২৪ পরগনার নোয়াপাড়া বিধান সভা কেন্দ্রের বিজেপি প্রার্থী অর্জুন সিং ইছাপুর আনন্দমঠ অঞ্চলে জনসংযোগ করেন।

তৃণমূল কংগ্রেস নেত্রী , মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ চেতলার অহীন্দ্র মঞ্চে কাউন্সিলার ও তাদের নেতা কর্মীদের নিয়ে কর্মিসভায় যোগ দিয়েছেন।

আগামী কাল থেকে পাঁচ দিনের টানা প্রচার কর্মসূচি শুরু করছেন মুখ্যমন্ত্রী। উত্তরবঙ্গ থেকেই এই প্রচারের সূচনা করবেন তিনি।

২৪ মার্চ আলিপুরদুয়ারে প্রথম সভা রয়েছে তার । একই দিনে ময়নাগুড়ি এবং মাটিগাড়া-নকশালবাড়িতেও জনসভা করবেন ।

দমদম উত্তরে সিপিআইএম প্রার্থী দীপশিতা ধর আজ বিরাটী তে প্রচারে যোগ দেন।

oooooooooooooooooooooooooooooo

পশ্চিম বর্ধমানের দুর্গাপুরে সরকারী দেওয়াল থেকে রাজনৈতিক প্রচারের জন্য লেখা মুছতে গিয়ে নির্বাচন কমিশনের দুই কর্মী আক্রান্ত হয়েছেন। করঙ্গপাড়ার পোস্ট অফিস পাড়ায়, নির্বাচন কমিশনের নির্দেশ অনুযায়ী সরকারী ভবনের দেওয়ালে থাকা লিখন মোছার কাজ করছিলেন মহকুমা শাসকের দফতরের দুই কর্মী সূর্যকান্ত পাল ও বিট্টু গুপ্তা। কাজ শেষ করে গাড়িতে ওঠার সময় তৃণমূল কংগ্রেসের লোকজন তাদের মারধোর করে বলে অভিযোগ। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে সেখানে পৌঁছয় কেন্দ্রীয় বাহিনী ও পুলিশ। এই ঘটনার নিন্দা করেছে বিজেপি। শাসক

দলের অন্যায়ের প্রতিবাদ করায় বিজেপি-র দুই কার্যকর্তাকেও মারধোর করা হয়েছে বলে অভিযোগ। যদিও সব অভিযোগ অস্বীকার করেছে তৃণমূল কংগ্রেস।

উত্তর ২৪ পরগনার মধ্যমগ্রাম বিধানসভার রোহন্ডা চন্ডীগড় দাড়িয়াল এলাকায় দেওয়াল লিখনকে কেন্দ্র করে তৃণমূল কংগ্রেস ও আই এস এফ-এর সংঘর্ষ দু-পক্ষের বেশ কয়েকজন কর্মী আহত হয়েছেন বলে খবর। তৃণমূল কংগ্রেসের অভিযোগ, দেওয়াল লিখনের সময় তাদের কর্মীদের ওপর বাঁশ-লাঠি নিয়ে চড়াও হয় আই এস এফ কর্মীরা।

অন্যদিকে, আই এস এফ-এর দাবি তাদের কর্মীদের বাড়ি ভাঙচুর করা হয়েছে।

দক্ষিণ ২৪ পরগনার ভাঙড়ের কুলবেড়িয়া এলাকাতেও দেওয়াল দখলকে কেন্দ্র করে ওই দুই দলের কর্মীদের মধ্যে সংঘর্ষ বাধে। চলে ইটবৃষ্টিও। পুলিশের সামনেই তৃণমূল নেতারা আই এস এফ কর্মীদের মারধোর করে বলে অভিযোগ। দু-পক্ষেরই বেশ কয়েকজন আহত হয়েছেন। কেন্দ্রীয় বাহিনীর হস্তক্ষেপে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে।

ooooooooooooooooooooooooooooo

দীর্ঘ ৬ বছর পর আগামীকাল কলকাতা বিশ্ববিদ্যালয়ের বার্ষিক সমাবর্তন অনুষ্ঠান হবে। বিশ্ববিদ্যালয়ের শতবার্ষিকী ভবনে এই অনুষ্ঠানে শিক্ষার্থীদের ডিগ্রি ও শংসাপত্র প্রদান করবেন আচার্য তথা রাজ্যপাল আর এন রবি। প্রায় ১১০০ ছাত্রছাত্রীকে পিএইচডি ডিগ্রি প্রদান করা হবে। কবি রণজিত দাসকে সাম্মানিক ডিলিট দেওয়া হবে। সাম্মানিক ডিএসসি প্রদান করা হবে বিজ্ঞানী বিজয় পান্ডুরাং ভাটকরকে। সমাবর্তনের দীক্ষান্ত ভাষণ দেবেন IIT খড়্গপুরের অধিকর্তা সুমন চক্রবর্তী।

এছাড়াও কৃতিদের হাতে বারোটি সাম্মানিক মেডেল তুলে দেওয়া হবে।

উল্লেখ্য, ২০২০ সালে শেষবার কলকাতা বিশ্ববিদ্যালয় সমাবর্তন হয়েছিল।

ooooooooooooooooooooooooooooo

স্কুল সার্ভিস কমিশনের নবম ও দশম শ্রেণীর শিক্ষক নিয়োগের জন্য তথ্য যাচাই প্রক্রিয়া আগামীকাল শুরু হবে। চলবে ২৩ মে পর্যন্ত। জেলার আঞ্চলিক

দফতরগুলিতে বিভিন্ন বিষয়ে নবম-দশম শ্রেণীর শিক্ষক পদপ্রার্থীদের তথ্য যাচাই করে ইন্টারভিউ প্রক্রিয়া চলবে।

গত ৭ই সেপ্টেম্বর নবম ও দশম শ্রেণীর শিক্ষক নিয়োগের লিখিত পরীক্ষা হয়। ২৩ হাজার ২১২টি শূন্যপদের জন্য পরীক্ষায় বসেছিলেন ২ লক্ষ ৯৩ হাজারের বেশি পরীক্ষার্থী।

অন্যদিকে, একাদশ ও দ্বাদশ শ্রেণীর শিক্ষক নিয়োগের জন্য আগামী মঙ্গলবার থেকে দ্বিতীয় পর্যায়ের কাউন্সেলিং পর্ব শুরু হবে।

oooooooooooooooooooooooooooooo

নব নিযুক্ত রাজ্যপাল আর এন রবি বলেছেন, বিকশিত পশ্চিমবঙ্গ গঠনের লক্ষে সর্বস্তরের মানুষকে এগিয়ে আসতে হবে। লোকভবনে বিহার রাজ্য প্রতিষ্ঠা দিবস উপলক্ষে আজ এক অনুষ্ঠানে তিনি বলেন, দেশের রাজ্যগুলির মধ্যে আচার ও সংস্কৃতিতে বিভিন্নতা থাকলেও ঐক্যই এদেশের মূল সুর। তিনি শুধুমাত্র পরিবর্তনের সাক্ষী নন, একজন অংশীদার বলেও জানান রাজ্যপাল।

(বাইট রাজ্যপাল)

অনুষ্ঠানে বিহার ফাউন্ডেশনের অধ্যক্ষ নিশান্ত কুমার সিং, ভারতীয় জাদুঘরের অধিকর্তা সায়ন ভট্টাচার্য ও পূর্বাঞ্চল সংস্কৃতি কেন্দ্রের অধিকর্তা আসিস গিরি প্রমুখ উপস্থিত ছিলেন।

oooooooooooooooooooooooooooo

পশ্চিম এশিয়ায় যুদ্ধের জেরে পেট্রোলিয়াম, অপরিশোধিত খনিজ তেল, প্রাকৃতিক গ্যাস, শক্তি এবং সার ক্ষেত্রে উদ্ভুত পরিস্থিতি খতিয়ে দেখতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, আজ এক উচ্চ পর্যায়ের বৈঠক করেন। নতুন দিল্লিতে অনুষ্ঠিত এই উচ্চ পর্যায়ের বৈঠকে প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং, কেন্দ্রীয় স্বরাষ্ঠ মন্ত্রী অমিত শাহ প্রমুখ।

এদিকে, দেশে জ্বালানির কোনো সংকট নেই বলে সরকার ফের জানিয়েছে। কেন্দ্রীয় পেট্রল ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রক এক বিবৃতিতে বলেছে বাড়িতে ব্যবহারের উপযুক্ত রান্নার গ্যাসের সরবরাহ স্বাভাবিক রয়েছে।

oooooooooooooooooooooooooo

রাজ্যের প্রায় সব জেলাতেই আজ থেকে বৃষ্টির পরিমাণ কমেছে। কিছু কিছু জায়গায় বিক্ষিপ্তভাবে আকাশ মেঘলা ছিল। সেই কারণে দিনের তাপমাত্রা আজও বেশ কিছুটা কম। আলিপুরে আজ সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৭ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে সাড়ে ৭ ডিগ্রি কম। ধীরে ধীরে তাপমাত্রা আরোও বাড়বে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

এদিকে, সান্দাকফু এবং ফালুট থেকে তুষারপাতের খবর পাওয়া গেছে। দার্জিলিংয়ের দু একটি জায়গায় আজ ঘন কুয়াশাও দেখা যায়।

oooooooooooooooooooooooooo
oooooooooooooooooooooooooooo
ooooooooooooooooooooooooooooo